মংলা বন্দর কর্তৃপক্ষ
মংলা, বাগেরহাট।

নং-মবক/ব্য(প্র)/প্রশাসন/১৫(৯)/২০১১ - ৫৭৬ তারিখঃ ৪/৪/১১

অফিস আদেশ।

মংলা বন্দর কর্তৃপক্ষের বিদ্যুৎ লাইন হতে মংলা বন্দর কর্তৃপক্ষের জায়গার মধ্যে অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানকে অস্থায়ীভাবে বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে একটি নির্দেশিকা ( সংযোজনী- ট ) গত ০২-১২-১০ তারিখে অনুষ্ঠিত কর্তৃপক্ষের ২০৩তম সাধারন বোর্ড সভার ২৫৮৯নং সিদ্ধান্তে অনুমোদিত হয়েছে। উক্ত নির্দেশিকা মোতাবেক সংশ্লিষ্ট বিভাগ/শাখা কর্তৃক কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্বারা প্রশাসনিক আদেশ জারী করা হলো।

এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

২৪/৩/১১
পরিচালক(প্রশাসন)

বিতরণঃ

প্রধান প্রকৌশলী ( যাঃ ও তঃ), মবক, মংলা।

অনুলিপিঃ-

১। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, মবক, মংলা।
২। উপ-ব্যবস্থাপক (প্রঃ ও সঃ), মবক, মংলা।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মংলা।

সংযোজনী

মংলা বন্দর কর্তৃপক্ষ
মংলা, বাগেরহাট।

বিষয়ঃ- মংলা বন্দর কর্তৃপক্ষের বিদ্যুৎ লাইন হতে মংলা বন্দর কর্তৃপক্ষের জায়গার মধ্যে অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানকে অস্থায়ীভাবে বিদ্যুৎ সংযোগ প্রদানের "নির্দেশিকা"।

**অস্থায়ী বিদুৎ সংযোগ প্রাপ্তির যোগ্যতা ঃ**

১। মংলা বন্দর কর্তৃপক্ষের জমি লীজগ্রহনকারী প্রতিষ্ঠান উক্ত স্থানে কোন স্থাপনা তৈরীর প্রারম্ভিক পর্যায়ে বিদ্যুতের প্রয়োজন হলে এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিদ্যুৎ সংযোগ পেতে সময় সাপেক্ষ হলে উক্ত প্রতিষ্ঠান যথানিয়মে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মবক এর নিজস্ব বিদ্যুৎ ব্যবস্থা থেকে অনধিক ৬(ছয়) মাসের জন্য সাইট অফিস পরিচালনা ও নিরাপত্তা বাতির জন্য বিদ্যুৎ সংযোগ পেতে পারে।

২। কোন নির্মান প্রতিষ্ঠান কোন নির্মান কাজে কর্তৃপক্ষের সহিত চুক্তিবদ্ধ হলে এবং উক্ত কাজে বিদ্যুতের প্রয়োজন হলে উক্ত প্রতিষ্ঠান যথানিয়মে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ পেতে পারে।

৩। বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠান যেমন ব্যাংক, বীমা, হাসপাতাল, বন্দর স্থাপনা ব্যবহারকারী যথানিয়মে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ পেতে পারে। সেক্ষেত্রে তাঁকে PDB(WZOPADICO) থেকে NOC এবং উক্ত স্থানে বিদ্যুৎ প্রাপ্তি সম্ভব নয় মর্মে সনদপত্র জমা দিতে হবে। পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠান PDB(WZOPADICO) এর বিদ্যুৎ সংযোগ প্রাপ্য হলে মবক এর বিদ্যুৎ সংযোগ যথানিয়মে বিচ্ছিন্ন করা হবে।

৪। মবক এর অব্যবহৃত বিভিন্ন স্থাপনা, দোকানপাট, বাসস্থান বরাদ্দ গ্রহনকারী অস্থায়ী বিদ্যুৎ সংযোগ পেতে পারে।

**অস্থায়ী সংযোগ প্রাপ্তির অযোগ্যতা ঃ**

৫। যেখানে PDB (WZOPAICO) এর বিদ্যুৎ সরবরাহ বিদ্যমান সেখানে মবক থেকে স্থাপনা বরাদ্দ গ্রহনকারী অস্থায়ী সংযোগ প্রাপ্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

**প্রস্তাবিত চার্জ সমূহ ঃ**

৬। সিঙ্গেল ফেজ বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে গ্রহনযোগ্য জামানত ও চার্জ সমূহ ঃ

| | | |
|---|---|---|
| ক) | জামানত (ফেরৎযোগ্য) | - ৳১৫,০০০.০০ টাকা। |
| খ) | লোড ফরম ফি বাবদ (অফেরৎযোগ্য) | ৳৫০.০০ টাকা। |
| গ) | সংযোগ ফি বাবদ (অফেরৎযোগ্য) | - ৳৫০০.০০ টাকা। |
| | মোট | - ৳১৫,৫৫০.০০ টাকা। |

৭। থ্রি-ফেজ বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে গ্রহনযোগ্য জামানত ও চার্জ সমূহ ঃ

| | | |
|---|---|---|
| ক) | জামানত (ফেরৎযোগ্য) | - ৳৫০,০০০.০০ টাকা। |
| খ) | লোড ফরম ফি বাবদ (অফেরৎযোগ্য) | - ৳১০০.০০ টাকা। |
| গ) | সংযোগ ফি বাবদ (অফেরৎযোগ্য) | - ৳১,০০০.০০ টাকা। |
| | মোট | - ৳৫১,১০০.০০ টাকা। |

৮। **সংযোগ গ্রহনের নিয়মাবলী ঃ**

অস্থায়ী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ পাওয়ার জন্য গ্রাহককে কর্তৃপক্ষের সহিত সম্পাদিত চুক্তি পত্রের সত্যায়িত কপি সহ প্রধান প্রকৌশলী(যাঃওতঃ) বরাবর আবেদন করতে হবে যা পরবর্তীতে অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপিত হবে।

(অঃ পৃঃ দ্রঃ, পাতা নং-২)

শর্তাবলী ঃ

৯। বৈদ্যুতিক মিটার এবং বৈদ্যুতিক সংযোগ প্রদানের জন্য ক্যাবলসহ প্রয়োজনীয় মালামাল গ্রাহককে সরবরাহ করতে হবে।

১০। গ্রাহককে মবক নির্ধারিত বাণিজ্যিক হারে বিল পাওয়া সাপেক্ষে প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে বিল পরিশোধ করতে হবে। সময়ে সময়ে সরকার কর্তৃক যে হারে বিদ্যুৎ বিল বৃদ্ধি করা হবে গ্রাহককে একই হারে বর্ধিত বিল পরিশোধ করতে হবে। গ্রাহককে বিলের সাথে প্রযোজ্য ভ্যাট প্রদান করতে হবে।

১১। নির্ধারিত তারিখের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে মবক কর্তৃক ধার্য্যকৃত সুদসহ পরবর্তী মাসের বিলের সাথে পরিশোধ করতে হবে।

১২। অস্থায়ী বিদ্যুৎ সংযোগ গ্রহনকারী একনাগাড়ে ৩(তিন) মাস বিদ্যুৎ বিল বকেয়া রাখলে (সাত) দিনের নোটিশ প্রদানের মাধ্যমে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করা হবে এবং জামানত বাজেয়াপ্তসহ বকেয়া আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। এক্ষেত্রে পুনঃ সংযোগ পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে এবং অনুচ্ছেদ ৬ ও ৭ এ উল্লেখিত চার্জ ও জামানত যথাক্রমে সিঙ্গেল ফেজ ও থ্রি-ফেজ সংযোগ গ্রহনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৩। কর্তৃপক্ষের প্রয়োজনে কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে নোটিশ প্রদানের মাধ্যমে যে কোন সময়ে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা যাবে। বৈদ্যুতিক ত্রুটির কারনে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে বা এ জন্য কোন প্রকার ক্ষয় ক্ষতি হলে তার জন্য মবক দায়ী থাকবে না।

১৪। লোড পরিবর্তনের ক্ষেত্রে নতুন করে জামানত, সংযোগ ফি, লোড ফরম ফি জমা দিতে হবে। অতিরিক্ত লোডের জন্য এবং লোডের ধরণ (220V/400V i,e, single Phase/3-Phase) পরিবর্তনের জন্য সার্ভিস তার/মিটার ও আণুষঙ্গিক বৈদ্যুতিক মালামাল বদলানোর প্রয়োজন হলে উক্ত ব্যয় গ্রাহককে বহন করতে হবে।

১৫। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার, মিটারে হস্তক্ষেপ,বাইপাস, বিনা অনুমতিতে সংযোগ গ্রহন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে সংযোগ বিচ্ছিন্ন করাসহ জামানত বাজেয়াপ্ত করা হবে এবং বিষয়টি বিদ্যুৎ চুরির আওতাভূক্ত হবে। এজন্য বরাদ্দ বাতিলসহ বিধি মোতাবেক ( ফৌজদারী মামলাদায়েরসহ ) কার্য্যক্রম গ্রহন করা হবে।

১৬। সংযোগ গ্রহনকারী কর্তৃক কোনো অবস্থাতেই বৈদ্যুতিক হিটার ব্যবহার করা যাবে না। হিটার ব্যাবহার অবৈধ কার্যক্রম বলে বিবেচিত হবে এবং হিটার ব্যবহারকারীর বিরুদ্ধে জামানত বাজেয়াপ্তসহ সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

১৭। যে সমস্ত প্রতিষ্ঠান ইতোমধ্যে মবক থেকে অস্থায়ীভাবে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত হয়েছে অত্র নির্দেশিকা তাঁদের জন্য প্রযোজ্য হবে এবং তাঁদেরকে উপরোক্ত শর্তাবলীর আলোকে মবক এর সহিত চুক্তিবদ্ধ করা হবে।

১৮। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আরোপিত বিধি নিষেধ অস্থায়ী সংযোগ গ্রহনকারীদের জন্য প্রযোজ্য হবে।

১৯। কর্তৃপক্ষের স্বার্থে যে কোন সময় উপরোল্লেখিত শর্তাবলী তথা অস্থায়ীভাবে বিদ্যুৎ সংযোগ প্রদানের নির্দেশিকার যে কোন অংশের সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অস্থায়ী সংযোগ প্রদানের অনুমোদনকারী ঃ

২০। বন্দর ব্যবহারকারী, কর্তৃপক্ষের জায়গা লীজ গ্রহনকারী প্রতিষ্ঠান, বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠান ও নির্মান প্রতিষ্ঠানের বৈদ্যুতিক সংযোগ প্রদানের অনুমোদন চেয়ারম্যান মহোদয় কর্তৃক প্রদান করা হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহন করা যেতে পারে।